

উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়
রোগ ও পোকাকার সতর্কীকরণ প্রকল্প
Disease and Pestilence Warning System
পুন্ডিবাড়ি, কোচবিহার

জমি থেকে আলু তোলা এবং আলু সংরক্ষনে আমাদের পরামর্শ

বর্তমান পরিস্থিতিতে উত্তরবঙ্গে আলু তোলার পর্যায় প্রায় শেষ এবং পর্যায়ক্রমে সেগুলি এখন সংরক্ষণের পথে। সুতরাং এই অবস্থাতে আলু বীজ ভালোভাবে সংরক্ষণের জন্য কৃষক বন্ধুদের নিম্নলিখিত পরামর্শগুলি অনুসরণ করতে অনুরোধ করা হচ্ছে:

ক) পাতা কৌকড়ানো রোগের প্রকোপ থেকে বাঁচার জন্য কোনো অবস্থাতেই রোগগ্রস্ত গাছ থেকে প্রাপ্ত আলু বীজ হিসাবে সংরক্ষণ করবেন না।

খ) জমি থেকে আলু তোলার সময় সতর্কতা অবলম্বন করুন যাতে কোনো ভাবেই আলুর চামড়াতে কোনো ক্ষত না হয় এবং শুকনো আবহাওয়াতে আলু গুলোকে অ-ধোয়া অবস্থায় ২-৩ দিনের জন্য জমিতে রেখে দিন। এই পদ্ধতি অবলম্বনে আলুর চামড়া অল্প সময়ের মধ্যে পুরু এবং পরিপক্ব হয়ে ওঠে এবং এটি আলুর সঠিক সংরক্ষণের জন্য একটি অপরিহার্য পদ্ধতি।

গ) এরপর সেগুলিকে জমি থেকে তোলার পর ভালোভাবে পরিষ্কার করে অন্তত:পক্ষে ১০-১২ দিন ঠান্ডা, শুকনো এবং অন্ধকার জায়গাতে জমিয়ে রাখুন।

ঘ) নিজের জমি থেকে তোলা আলু অথবা বাজার থেকে কেনা আলু যদি বীজ আলু হিসাবে ব্যবহার করতে চান, তবে কোনো অবস্থাতেই মধ্যবর্তী সময়ে সেই আলু জল দিয়ে ধোয়া যাবে না। কারণ সেটা আলুর সংরক্ষণকাল অনেকটাই কমিয়ে দেয়।

প্রয়োজনে কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীন **রোগ ও পোকাকার সতর্কীকরণ প্রকল্প (Disease and Pestilence Warning System)** এর সাথে যুক্ত বিজ্ঞানীদের সঙ্গে যোগাযোগ করুন অথবা প্রতি জেলার কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিজ্ঞানীদের সঙ্গে যোগাযোগ করুন।

যোগাযোগ:

ড: তপন কুমার হাত---মো: ৯৪৩৪৬৮৫৬৭০

ড: অয়ন রায় ----- মো: ৯৪৩৪৪৮৩৫৯৩

ড: নৃপেন্দ্র লস্কর----- মো: ৯৪৩৪৪৮৩৮৫৫

ড: সুরজিৎ খালকো--- মো: ৮৯০০৫১৬২২৯

ড: সত্যজিত হেমব্রম-- মো: ৯৮৭৪৮৬৮১৯১

গবেষণা অধিকর্তা
উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়
পুন্ডিবাড়ি, কোচবিহার